

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইফটানর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৭.১৮-১৫৪

তারিখ: ০৯.০৮.২০১৮খ্রি.

বিষয়: ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন রাজাপুর ফাজিল মাদরাসায় গভর্নিং বডি না থাকাকালে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এমপিও) বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১)রাজাপুর ফাজিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর আবেদন
(২)বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮

তারিখ: ০৮.০৭.২০১৮খ্রি.

তারিখ: ১৯.০৭.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রাজাপুর ফাজিল মাদরাসা, কর্তৃক প্রেরিত এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার এডহক কমিটির মেয়াদ ২৭.০২.২০১৫ খ্রি: তারিখে শেষ হয়। উক্ত কমিটির মাধ্যমে নিয়মিত গভর্নিং বডি গঠন করে গত ১০.১২.২০১৫ খ্রি: তারিখে প্রথম সভা সম্পন্ন করা হয় এবং প্রয়োজনীয় কাগজ পত্রসহ ০৪.০১.২০১৬ খ্রি: তারিখে উক্ত কমিটি অনুমোদনের জন্য ইসলামী আরবী বিশ্ব বিদ্যালয়ে আবেদন করা হয়। কিন্তু মামলা সংক্রান্ত কারণে অদ্যাবধি গভর্নিং বডি অনুমোদন হয়নি।

০২. উপরিউক্ত কারণে মাদরাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছেনা মর্মে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত রয়েছে।

০৩. এডহক কমিটি গঠন ও অনুমোদন না হওয়া পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না। তাই অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর করত: বেতন-ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আবেদন করেছেন।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক এর ১৭.৪ ধারা মোতাবেক “ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান বেতন-ভাতা বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটির অবর্তমানে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।”

০৫. বর্তমান অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসায় নিয়মিত কমিটি/এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এমপিও) বিল অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রাজাপুর ফাজিল মাদরাসা এর স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক এর ১৭.৪ ধারা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় রাজাপুর ফাজিল মাদরাসা নান্দাইল, ময়মনসিংহ এর গভর্নিং বডি বহাল না হওয়া পর্যন্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৭.৪ ধারা অনুসরণক্রমে মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতাদির এমপিও বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭.০৮.১৮
(মোহাম্মদ শামসুজ্জামান)

উপ-পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৪১০৩০১৬৪

১. উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
২. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রাজাপুর ফাজিল মাদরাসা।
উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৩. ডেপুটি জেনারেল ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি: প্রধান শাখা।
৪. ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি: কালিগঞ্জ বাজার শাখা, নান্দাইল, ময়মনসিংহ। [বর্ণিত মাদরাসার বেতন-ভাতা (এমপিও) বিতরণ করার অনুরোধসহ]
৫. অফিস কপি।